

💵 দ্বীনী প্রশ্নোত্তর

বিভাগ/অধ্যায়ঃ গান-বাজনা, খেলাধুলা রচয়িতা/সঙ্কলকঃ আবদুল হামীদ ফাইযী

লটারির টিকিট কেনা কি বৈধ? তার পুরস্কারের অর্থ কি হালাল? কোন জন কল্যাণমূলক প্রতিষ্ঠানের উন্নয়নের জন্য কি লটারির খেলা ছাড়া যায়?

লটারি জুয়ার পর্যায়ভুক্ত। সুতরাং পুরষ্কারের লোভে তার টিকেট কেনা হারাম, তার পুরষ্কারও হারাম। আর হারাম দিয়ে কোন ভাল কাজের প্রতিযোগিতা করা প্রস্রাব দিয়ে পায়খানা ধোওয়ার মতো। মহান আল্লাহ বলেছেন, "হে বিশ্বাসীগণ! মদ, জুয়া, মূর্তিপূজার বেদি ও ভাগ্য নির্ণয়ক শর ঘৃন্য বস্তু, শয়তানের কাজ। সুতরাং তোমরা তা বর্জন কর। এতে তোমরা সফলকাম হতে পারবে। শয়তান তো মদ ও জুয়া দ্বারা তোমাদের মধ্যে শক্রতা ও বিদ্বেষ ঘটাতে চায় এবং তোমাদেরকে আল্লাহ্র স্মরণে ও নামাযে বাঁধা দিতে চায়। অতএব তোমরা কি নিবৃত হবে? (সূরা মাইদাহ ৯১-৯১ আয়াত)"

"হে বিশ্বাসীগণ! তোমরা একে অন্যের সম্পত্তি অন্যায়ভাবে গ্রাস করো না, তবে তোমাদের পরস্পর সম্মতিক্রমে ব্যবসার মাধ্যমে (গ্রহণ করলে তা বৈধ)।" (সূরা নিসাঃ ২৯)

যদিও মনে কর যে, লটারি খেলার টাকা দিয়ে মানুষের উপকার করা হয়, তবুও জানতে হবে যে তাতে পাপ আছে। আর যাতে পুন্য ও পাপ দুটোই একই সাথে আছে তা বর্জন করাই জ্ঞানীর কাজ। মহান আল্লাহ বলেছেন, "লোক তোমাকে মদ ও জুয়া সম্পর্কে জিজ্ঞাসা করে। বল উভয়ের মধ্যেই মহাপাপ ও মানুষের জন্য (যৎকিঞ্চিৎ) উপকারও আছে, কিন্তু ওদের পাপ উপকার অপেক্ষা অধিক।" (বাকারাহঃ ২১৯)

Source — https://www.hadithbd.com/books/link/?id=1483

🗕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন